

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৬, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ : ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১৮১-আইন/২০২১।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, ১৪ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং-৫০-আইন/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিল এর—

(ক) কলাম (১) এর ক্রমিক নং ৮৪ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস ৩১৯:২০০৫ (৩য় রিভিশন)” এর পরিবর্তে “বিডিএস ৩১৯:২০২০ (৪র্থ রিভিশন)” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;

(খ) কলাম (১) এর ক্রমিক নং ৮৫ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস ১১২৫:২০০৫ (১ম রিভিশন)” এর পরিবর্তে “বিডিএস ১১২৫:২০২০ (২য় রিভিশন)” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে।

(২) এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার অব্যবহিত পরবর্তী দিবস হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ছরোয়ার হোসেন  
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৮৫২১)

মূল্য : টাকা ৪.০০